টেলিফোন : ৩৪-১৫৫২

**রিপ্রোডাক্সন সিন্ডিকেট**

ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন

৭-১, কর্ণওয়ালিস স্ট্রীট, কলিকাতা-৬

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
( দাদাঠাকুর )

বিভিন্ন মিলের ধুতি, শাড়ী, বোম্বে প্রিন্টেড টেরিকট, টেরিলিনের শাড়ী ও যাবতীয় টেরিকট, টেরিলিন ও সুতী সার্টিং ও কোটিং এর বিরাট আয়োজন।

এ ছাড়া অতি সুলভে বিনি, মফৎলাল গ্রুপ, গোয়ালিয়র সুটিং এবং টাটা মিলের যাবতীয় সুতী টেরিকট ও টেরিলিনের টুকরা ছিটের শ্রেষ্ঠ সম্ভার।

**মুদ্রা বস্ত্রালয়**

জঙ্গিপুর পোষ্ট অফিসের পার্শ্বে

৫৭শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৭শে আশ্বিন বুধবার, ১৩৭৭ ইং 14th Oct. 1970 | ২২শ সংখ্যা




ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুল ও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**
কেরোসিন কুকার

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১৭ই ডিসেম্বর, ১৯০

৮ মনি/৭০ ডিঃ লতিকা সাহা দেঃ নরেন্দ্রনাথ সাধু দাবি ৬৮৫০.৩০ থানা সুতী মৌজে ইচলিপাড়া ৭ শতকের কাত ১.২৫ পয়সা তন্মধ্যে অর্দ্ধাংশ ৩৷৹ শতক মায় তদুপরিস্থিত পোক্তা গৃহাদি সহ আঃ ১০০০৲ খং নং ১১৮১ ২নং লাট মৌজাদি ঐ ৭ শতকের কাত ২.২৯ পয়সা তন্মধ্যে অর্দ্ধাংশ ৩৷৹ শতক মায় তদুপরিস্থিত পোক্তা গৃহাদি সহ আঃ ১৫০০৲ খং নং ১২৭৬ ৩নং লাট থানা ঐ মৌজে দিঘরী ৬ শতকের কাত ২.৩২ তন্মধ্যে অর্দ্ধাংশ ৩ শতক মায় তদুপরিস্থিত পোক্তা গৃহাদিসহ আঃ ১৫০০৲ ৪নং লাট মৌজাদি ঐ ১১ শতকের কাত ২.৫২ তন্মধ্যে ৫৷৹ শতক তদুপরিস্থিত পোক্তা গৃহাদিসহ আঃ ২০০০৲ খং নং ১১৩৭ ৫নং লাট মৌজাদি ঐ ৬ শতকের কাত ১.৩০ তন্মধ্যে অর্দ্ধাংশ ৩ শতক মায় তদুপরিস্থিত পোক্তা গৃহাদি আঃ ৭০০৲ খং ১২৭৭




স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।

STUDENTS' FAVOURITE

Phone—R.G.G. 44.

শেঠজীসে কোলাকুলি কর্‌নে আয়া শেঠজী
কালাবাজার কা নাফা থাকে মোটা দোনো পেটজী।
পাপ্পর, আচার, রাবড়িদেকে বড়ি উমদা খেঁটজী
হাতসে হাত নাই মিলনে চাহে, পেটোয়া পেটোয়া
ভেটজী।

—দাদাঠাকুর

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৭শে আশ্বিন বুধবার সন ১৩৭৭ সাল।

## ॥ উত্তর-বিজয়া ॥

মা আসিয়াছিলেন। আনন্দময়ীর আগমনে স্বল্প কালের জন্য দেশে আনন্দ বহিয়া গিয়াছিল। তিনি চলিয়া গিয়াছেন আগামী বৎসর পুনরাগমনের প্রতিশ্রুতি দিয়া। মায়ের আগমন ও প্রস্থানের মধ্যে যে স্বল্প ব্যবধান। তাহা যেন একটি বিপ্লব ঘটাইয়া দিয়াছে। অবশ্য এই বিপ্লব অন্তরে, বাঙ্গালীর মানসিকতায়। ৺মায়ের প্রস্থানকে আমরা ৺বিজয়া বলিয়া থাকি। ইহার তাত্ত্বিক ব্যাখ্যা যাহাই হোক, জগজ্জননী তাঁহার সন্তানদের হৃদয় জয় করিয়া চলিয়া গেলেন—এ কথা ভাবাও বিচিত্র নয়। ৺বিজয়ার পবিত্র তিথিকে স্মরণ করিয়া আমরা একে অপরের সহিত আন্তরিক প্রীতির সম্পর্ক স্থাপন করিতে চাই। এই উপলক্ষে আমরা আমাদের গ্রাহক, বিজ্ঞাপনদাতা এবং সকলকেই ৺বিজয়ার সাদর সম্ভাষণ জানাইতেছি; সকলের শুভ হোক—এই কামনা করি।

মাত্র কয়েকটি দিনের জন্য মা আমাদের প্রাত্যহিক জীবনের দুঃখ-জ্বালা হরণ করিয়া লইয়াছিলেন। বর্ষচক্রনেমিতলে বাঙ্গালীর হাজার ব্যথা-বেদনা সহিবার ক্ষমতা তিনি দান করুন; উৎসাহের সঞ্চার করুন আমাদের অন্তরে। সমস্যাদীর্ণ যন্ত্রণাজর্জর বাঙ্গালী সমাজের সকল দুঃখ জয়ের জন্য মা 'মতিং করোতু'।

মায়ের চরণ মনের মতন পুষ্পার্ঘ্যে সাজাইয়া হৃদয়ের ভক্তিরসে অভিষিক্ত হইয়া প্রার্থনা জানাইয়াছি—'প্রাণান্ রক্ষ যশো রক্ষ,' 'দ্বিষো জহি' বলিয়া। দেবী আবার বাঙ্গালীর গৃহে কন্যা হইয়াও আসিয়াছিলেন। বাংলার মধ্যবিত্ত পরিবারের মায়েরা তাঁহাদের কন্যাকে দীর্ঘদিন পর আপনার কাছে যেন পাইয়াছিলেন। হাসিয়া, কাঁদিয়া, অনুযোগে-আদরে কন্যার মন ভুলাইতে কত না প্রচেষ্টা! স্ব সামর্থ্যে যাহা জুটিয়াছে, তাহা খাইতে দিয়াছেন। আবার দশমীর দিন সেই মেয়েকে স্বামীসকাশে পাঠাইতে হইতেছে বলিয়া মায়ের মনের ব্যথাই কি কম! মা মেয়েকে বিদায় দিলেন। অন্তর ভরিয়া উঠিল এক অসীম রিক্ততায়; বিরহাকুল মনের শূন্যতা পূরণের জন্যই কি তখন চলিল সকলের সঙ্গে প্রীতির আদান-প্রদান? 'তোমাদের সকলের কল্যাণে আমার বাছার কল্যাণ হউক'। বস্তুতঃ ৺বিজয়াদশমীর এই লোকাচার একই ধারায় চলিয়া আসিতেছে। ইহা সম্পূর্ণরূপে উপলব্ধির ব্যাপার এবং ইহার যতটুকু মূল্যবোধ আছে, তাহা বাঙ্গালীর একান্ত নিজস্ব।

৺বিজয়া শত্রুতা-হিংসা ভুলাইয়া দেয়; পারস্পরিক মনোমালিন্য ও বিভেদ দূর করিয়া হার্দিক প্রীতিরসে একে অপরকে অভিষিক্ত করে। আজ স্বার্থে স্বার্থে নানা সংঘাতে জীবনের কত না বিপর্যয়! বিভেদবুদ্ধি বিসর্জন দিয়া মাতৃমন্ত্রে দীক্ষিত সন্তানদল শুধু একবার স্মরণ করুন—আমরা একই মায়ের সন্তান। তাহা হইলে জাতিতে জাতিতে বিদ্বেষ আর থাকিবে না; পৃথিবীর বুকে সুখ শান্তি দূরের বস্তু হইবে না। ইহার ব্যতিক্রমেই আগুন জ্বলে।

মা আমাদের মনে সেই প্রীতির ভাব জাগাইয়া তুলুন। প্রীতি দিয়া প্রীতি লাভ করিব। বিজয়ার অনুষ্ঠান তখনই সার্থক হইবে।

'তমসো মা জ্যোতির্গময়'।

---

## খাজনা আদায় স্থগিত

পশ্চিমবঙ্গের বন্যা দুর্গত অঞ্চলে ক্ষয়-ক্ষতির পরিমাণ নির্দ্ধারিত না হওয়া পর্য্যন্ত ঐসব অঞ্চলে খাজনা আদায় বন্ধ রাখার সিদ্ধান্ত হইয়াছে। সম্প্রতি মহাকরণে মুখ্য সচিব শ্রীসুকুমার মল্লিক একথা জানান। তিনি আরও জানান যে বন্যা দুর্গত অঞ্চলে খয়রাতি সাহায্য দেওয়া চলবে, এবং যতদিন প্রয়োজন হবে ততদিন তাহা চালু রাখা হবে।

---

## চারণের গান

পূজা মা তোর হ'ল কোথায়
কোথায় তেমন কার ঘরে।
রং তামাসার প্রতিযোগই
উঠ্‌লো ভেসে চোখের পরে।
বাঁশি আলোর সজ্জা সাজে
প্রাণ ছিল না কোন কাজে
দেবীর প্রতি না হোক যত
অধিক লক্ষ্য প্রসাদ তরে,
রং তামাসার প্রতিযোগই
উঠলো-ভেসে চোখের পরে।
ভক্তি কোথায়, নিষ্ঠা কোথা
কোথায় রে সে ব্যাকুলতা,
আজকে বোধন নয় রে তেমন,—
কেবল মানা পূর্ব্বপ্রথা!
দান কি দয়া তারও মাঝে
অবহেলার ব্যথাই বাজে
প্রাণের পরশ পাইলে কোথাও
লোক দেখানই হুজুক করে,—
রং তামাসার প্রতিযোগই
উঠলো ভেসে চোখের পরে।

## বিদেশ যাত্রীর ডাইরীর কয়েক পাতা

—শ্রীশকুন্তলা চৌধুরী

পূর্ব্বানুবৃত্তি—

পথে ফেলে আসা একটা কথা এই প্রসঙ্গে মনে পড়ল। ক্যালে থেকে লঞ্চে করে ইংলিশ চ্যানেল পার হওয়ার সময় মনে প্রশ্ন জেগেছিল,—ফ্রান্স ও ইংলণ্ড দু'টি দেশের মধ্যবর্তী এই চ্যানেলের নাম "ইংলিশ চ্যানেল" হল কেন? শুনলাম, বিগত-যুগে ইংরেজ সেনাপতি নেলসন এই চ্যানেলের উপর ইংরেজ জাতির যে আধিপত্য প্রতিষ্ঠা করেছিলেন, এই চ্যানেলটি ইংরেজ জাতির সেই বিজয়গৌরবের স্মারক হিসাবে এই নাম আজও বয়ে চলেছে।

যাইহোক, ২৪শে সেপ্টেম্বর লণ্ডন থেকে ট্রেণযোগে এক্সিটর রওনা হলাম। ১৭৫ মাইল পথ মাত্র তিন ঘণ্টার মধ্যেই পৌঁছে গেলাম। Exeter এর St. David station এ ব্রিটিশ কাউন্সিলের প্রতিনিধি এসেছিলেন আমাদের অভ্যর্থনা করতে। সেদিন সন্ধ্যা থেকে ডিনারের পর সুরু হল আমাদের Introductory course ঠাণ্ডাও পড়ে গেছে বেশ। শীতে ঠক্ ঠক করে কাঁপছি centrally-heated Hall এ থেকেও, কারণ ইংলণ্ডের প্রচণ্ড শীতে থাকার উপযোগী শীতবস্ত্র আমার তখনও কেনা হয় নি। এমন সময় আমাদের একজন Tutor, Mrs. Trevor, এসে পরিচয় করলেন আমার সঙ্গে এবং কিছুক্ষণের মধ্যে আমার জন্যে তাঁর একটা গরম পোশাক আনিয়ে দিলেন। অবশ্য তারপর দিনই প্রয়োজনীয় শীত বস্ত্রাদি কিনে ফেললাম।

Introductory course এর উদ্দেশ্য ছিল ইংলণ্ডে আগত নতুন ছাত্রছাত্রীদের ইংলণ্ডের প্রাকৃতিক, সামাজিক, রাজনৈতিক ইত্যাদি বিভিন্ন পরিবেশ, অবস্থা ও ব্যবস্থার সঙ্গে সংক্ষিপ্ত পরিচয় ঘটানো। পৃথিবীর বিভিন্ন দেশ—ফ্রান্স, স্পেন, জার্মানী, গ্রীস, নরওয়ে, হল্যাণ্ড ইত্যাদি ইউরোপীয় দেশগুলি থেকে ও আমেরিকা, মেক্সিকো, আফ্রিকা, পাকিস্তান, ভারত, ফরমোজা, মালয়েশিয়া থেকে আগত ১০০ জনের মত ছাত্রছাত্রী আমরা সকলেই এই courseটি করেছিলাম। এরই ফাঁকে শিখেছিলাম—ইংলিশ প্রথা অনুযায়ী আগে চায়ের কাপে দুধ ঢালতেই হবে, তারপর চা। এর অন্যথা হওয়া চলবে না। তিনদিন চলেছিল এই শিক্ষণকাল। তৃতীয় দিনে আমাদের নিয়ে যাওয়া হল ফরাসী নাটক টারটুফ এর ইংরেজি সংস্করণের অভিনয় দেখতে 'সেন্ট লুক' থিয়েটারে। যাইহোক, বেশ আনন্দ ও উত্তেজনার মধ্যে দিয়ে কেটে গেল এই শিক্ষণকাল। ক্রমশঃ




পূজোর পর কাতুখুড়োকে প্রণাম করে কুশল প্রশ্ন করলাম।

খুড়োর উক্তি:

ময়রা মুদী আর কাপড়ে
বাজার-ফড়ে দাও না জুড়ে
এঁদের কাছে যাও, খুড়োর কুশল নাও।

* * *

উত্তর প্রদেশে চরণ সিং মন্ত্রিসভা খতম।
হ্যাঁ চরণকে ত্রিভুবন দেখান হল।

* * *

'বাজারে চালের দর কমছে'—সংবাদ
চালে ভুল হচ্ছে বলে।

* * *

আজকাল বাজারে সস্তা কিছু দেখছেন?
—দেখছি বৈকি! লোকের ব্যাজার মুখ। এক নয়া পয়সাও লাগবে না।

* * *

বিশ্বকর্মা, লক্ষ্মী আর সরস্বতী পূজো ব্যাপক হয়ে পড়ছে দিন দিন।
মানে, নিষ্কর্মা, দারিদ্র্য আর অবিদ্যার ক্রমিক বৃদ্ধির জন্যে।

* * *

জনৈক ভদ্রলোক: 'স্কুল কলেজের কোন অনুষ্ঠানের নিমন্ত্রণলিপিতে অজস্র ভুল থাকলে কী মনে হয় বলুন তো?'
—নিজের চুল ও দাড়ি (থাকলে) ছিঁড়ে ফেলি আর প্রভুদের বলি:—
একটি কথা শুধাই আমি তোমারে।

* * *

শ্রীবাতুল একটি ষ্টেট লটারির টিকিট কিনেছিলেন। 'কী পেলেন' জানতে চেয়েছেন অনেকে।
শ্রীবাতুল পেয়েছেন ষ্টেট নৈরাশ্য।

## প্রাপ্ত

"জঙ্গিপুর সংবাদ" পত্রিকার সম্পাদক মহাশয়
সমীপেষু—

মহাশয়, গত ২৪।৯।৭০ তারিখে আমি ও আমার ভগিনী বিশেষ কার্য্যোপলক্ষে কলিকাতা যাওয়ার জন্য রওনা হই। রাত ৮-৩০ টার বাসে জঙ্গিপুর থেকে রওনা হই কৃষ্ণপুরের পথে—মাঝামাঝি রাস্তায় Break down হয় এবং কণ্ডাক্টর বেশ মেজাজের সঙ্গেই জানাই বাস আর যাবে না। সঙ্গে মেয়েছেলে, তারপর ঐ রাত্রি। চারিদিক ফাঁকা। না এগোবার না পিছোবার রাস্তা এ অবস্থায় বাস যাবে না শুনে আঁতকে উঠি। অনেক খুঁজে পেতে শেষ পর্য্যন্ত এক রিক্সাওয়ালাকে ঘুম থেকে তুলে রিক্সায় রওনা হই। ঐ অন্ধকার রাত্রে কেবল আমরা দু'জন শঙ্কায় কণ্টকিত হয়ে, কোন মতে প্রাণ হাতে নিয়ে কৃষ্ণপুর ষ্টেশনে পৌছাই। এই অরাজকতার দিনে যে কোন দুর্ঘটনাই অস্বাভাবিক ছিল না।

এইভাবে সাধারণ মানুষের জীবন ও ধনসম্পত্তি নিয়ে ছিনিমিনি খেলার কি অধিকার আছে বাস-কর্তৃপক্ষের ও পারমিট ইস্যুয়িং অথরিটির তা আমার বোধগম্য নয়। বাস ছাড়বার আগে যদি check করে trip বাতিল করা হোত তাহলে পথের মাঝে রাত্রিতে আমাদের ঐরূপ বিপদে পড়তে হত না। বাসের সঙ্গে কোন mechanicও ছিল না, তাহলে সামান্য কারণে এইভাবে বাস একেবারে অচল হোত না।

প্রায়ই কৃষ্ণপুর ষ্টেশনে নেমে দেখা যায় নির্দ্ধারিত বাস নেই। সারা রাত্রি অসহায় অবস্থায় প্লাটফর্মে কাটাতে হয় শিশু ও মেয়েদের নিয়ে। যাঁরা বাসএর পারমিট দেন তাঁরা কি ঠিকমত খোঁজ নেন যে এই

—পর পৃষ্ঠায় দেখুন

## খোকার জন্মের পর..

আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।

**জবাকুসুম** কেশ তৈল



সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস • কলিকাতা-১২

KALPANA.J.K-84.B



## ডাবর আমলা কেশ তৈল

কেশ সৌন্দর্য্য বৃদ্ধি করে ও ঘন কৃষ্ণ কেশোদ্গমে সহায়তা করে

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসীলিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ ( সদরঘাট )


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


**প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি**

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

**রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়**

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |



## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য **আর. পি. ওয়াচ কোং** র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত


তৃতীয় পৃষ্ঠার জের

বাস মালিকের যথেষ্ট সঙ্গতি আছে কিনা trip ঠিকমত maintain করবার? অনেক সময় দেখা যায় trip cancel করেই বাস reserved হয়ে ভাড়া খাটে। যাত্রী সাধারণের দুর্ভোগের দিকে না তাকিয়ে। অথচ একটা বাস Break down হলে কখনও তাকে replace করে অন্য বাস দেওয়া হয় না।

এ বিষয়ে আমি স্থানীয় মহকুমা শাসকের দৃষ্টি আকর্ষণ করি। তিনি যেন অবিলম্বে তদন্ত করে যথাযথ ব্যবস্থা নেন ও যাত্রী সাধারণকে দুর্গতির হাত থেকে রেহাই দেন। ইতি

প্রদ্যোৎকুমার ভট্টাচার্য্য
C/o. অচ্যুতানন্দ চট্টোপাধ্যায়, ফুলতলা।

— —

**সংকলন ঃ**

বর্ত্তমান দিনে দল-নিরপেক্ষ পত্রিকার চতুর্দিকে রোষবহ্নি। কখন যে সে আগুনে সম্পাদক বা সংশ্লিষ্ট কর্ম্মচারী পুড়িয়া ছাই হইবেন সে কথা কেহই বলিতে পারেন না। এই অর্থনষ্ট মনোকষ্টের ঝুঁকি লইয়া পত্রিকা সম্পাদনা সাধ্যাতীত হইয়া পড়িতেছে। এত ঝুঁকি লইয়া পত্রিকা প্রকাশনার 'ঘরের খাইয়া বনের মোষ তাড়াইবার' সার্থকতা কি?

—চন্দ্রভাগা

— -